

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোহনপুর, রাজশাহী

<http://mohonpur.rajshahi.gov.bd>

স্মারক নং-০৫.৪৩.৮১.৫৩.০০০.০৬.০১৪.১৮-১০৪

তারিখ-

১৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ

২৮ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

মোহনপুর উপজেলার আওতাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদসমূহে মহল্লাদার (গ্রাম পুলিশ) এর শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগের উদ্দেশ্যে সংশ্লিষ্ট ইউনিয়নের/ওয়ার্ডের প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	ওয়ার্ড নং	ইউনিয়নের নাম	বেতন-ভাতাদি	নিয়োগ পদ্ধতি	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	মহল্লাদার (গ্রাম পুলিশ)	০৩ টি	০৬ নং ও ০৭ নং ওয়ার্ড এবং ০৯ নং ওয়ার্ড	০১ নং ধূরইল ইউনিয়ন পরিষদ, মোহনপুর, রাজশাহী	সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতাদি প্রদান করা হবে।	সরাসরি	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ।
০২	মহল্লাদার (গ্রাম পুলিশ)	০২ টি	০৭ নং ওয়ার্ড ও ০৯ নং ওয়ার্ড	০৩ নং রায়ঘাট ইউনিয়ন পরিষদ, মোহনপুর, রাজশাহী			

শর্তাবলী :

- প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী বরাবর আবেদন আগামী ২৬/০২/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন (ছুটির দিন ব্যতীত) ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র অত্রাফিসে গ্রহণ করা হবে না।
- পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি, সর্বনিম্ন বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) ও সর্বনিম্ন ওজন ৫০ কেজি হতে হবে এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ও সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ); সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।
- প্রার্থীকে শারীরিক ও মানসিক ক্রটিমুক্ত এবং স্বাস্থ্যবান হতে হবে।
- আবেদনকারীকে (ক) নাম (স্পষ্ট অক্ষরে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) পদের বর্ণনা (ইউনিয়নের নাম ও ওয়ার্ড নং) (ছ) জন্ম তারিখ (জ) বয়স ২৬/০২/২০১৮ খ্রিঃ তারিখে (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি (সত্যায়িত) রঙিন ছবি (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখসহ (ড) শিক্ষাগত যোগ্যতার বিবরণ নিম্নবর্ণিত ছকে প্রদান করতে হবে।

পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	বোর্ডের নাম(প্রযোজ্য ক্ষেত্রে)	প্রাপ্ত বিভাগ/জিপিএ	পাসের সন
--------------	-------------------------	--------------------------------	---------------------	----------

- মহল্লাদার পদপ্রার্থীগণকে সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের বাসিন্দা হতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে : (ক) নাগরিক সনদপত্র, (খ) জন্মনিবন্ধন সনদ (গ) জাতীয় পরিচয় পত্র, (ঘ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, (ঙ) চারিত্রিক সনদপত্র ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সীলমোহর থাকতে হবে।
- প্রার্থীকে রাষ্ট্রায়ত্ত্ব ব্যংকের মোহনপুর উপজেলার যে কোন শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, মোহনপুর, রাজশাহী বরাবর ২০০/- (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) দরখাস্তের সাথে সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়সসীমা ২৬/০২/২০১৮ খ্রিঃ তারিখে ৩০ (ত্রিশ) বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদপত্র দাখিল করতে হবে।
- বিলম্বে প্রাপ্ত দরখাস্ত এবং অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(আনোয়ার-উল-হালিম)

উপজেলা নির্বাহী অফিসার

মোহনপুর, রাজশাহী

ফোন নং-০৭২২৬-৫৬০০২

ই-মেইল-unomohanpur@mopa.gov.bd